দৈনিক বাংলা

তারিখ ৪।১০।৮০
পৃষ্ঠা ... কলাম ...



## ২৬শে নবেম্বর থেকে কুমিল্লায় গণশিক্ষা কর্মশিবির

আগামী ২৬শে নবেম্বর থেকে ৩০শে নবেম্বর পর্যন্ত কুমিল্লা জেলার শাহরাস্তি থানার পন্চগ্রামে ৫ দিনব্যাপী জাতীয় গণশিক্ষা কর্মশিবির অনুষ্ঠিত হবে। এই কর্মশিবির বাংলাদেশ গণশিক্ষা সমিতি ও স্বনির্ভর বাংলাদেশ কমিটির যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হবে। এই কর্মশিবিরে ৫০০ প্রতিনিধির অংশগ্রহণের ব্যবস্থা করা হয়েছে। কর্মশিবিরে আলোচনার বিষয়বস্তু হবে গণশিক্ষা, সার্বজনীন প্রাথমিক শিক্ষা, মহিলা শিক্ষা, গণবিদ্যালয় ও পল্লী উন্নয়ন।

কর্মশিবিরে গণশিক্ষার বিভিন্ন দিকের উপর দেশী-বিদেশী চিন্তাবিদ এবং কর্মীদের লেখা পেশ করা এবং গত বছরের কর্মশিবিরের সুপারিশের অগ্রগতি পর্যালোচনা করা হবে। ইউনেস্কো কর্তৃক বাংলাদেশ গণশিক্ষা সমিতিকে 'নোমা গণশিক্ষা পুরস্কার ১৯৮০' প্রদানের উপর বিশেষ প্রবন্ধ পাঠ করা হবে। সীমিত সংখ্যক অংশগ্রহণকারীদের জন্য প্রয়োজন অনুযায়ী দৈনিক ভাতা ও যাতায়াত খরচের ব্যবস্থা করা হবে।

যেসব সংস্থা এবং ব্যক্তি এই

(৩-এর পৃঃ দ্রঃ)

## ছাত্র নেতাকে প্রহারের প্রতিবাদে নওগাঁয় বিক্ষোভ মিছিল

(নিজস্ব সংবাদদাতা)

নওগাঁ, ৬ই অক্টোবর।—পুলিশ কর্তৃক একজন ছাত্র নেতাকে প্রহারের প্রতিবাদে আজ নওগাঁ শহরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা এক বিক্ষোভ মিছিল বের করে। তারা এক পর্যায়ে এসডিওর অফিসে হামলা করলে বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করার জন্য আট রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এছাড়া আট রাউন্ড ফাঁকা গুলিবর্ষণও করা হয়।

১০ জন ছাত্র ও ৩ জন পুলিশ আহত হয়।

## ১২ই অক্টোবর থেকে আন্তঃ ক্যাডেট কলেজ সাহিত্য প্রতিযোগিতা

আগামী ১২ই অক্টোবর থেকে তিনদিনব্যাপী ৫ম আন্তঃ ক্যাডেট কলেজ সাহিত্য প্রতিযোগিতা শুরু হবে মোমেনশাহী ক্যাডেট কলেজে। এই প্রতিযোগিতায় বাংলাদেশের ছয়টি ক্যাডেট কলেজের প্রতিযোগীরা অংশগ্রহণ করবে। ৫ম আন্তঃ ক্যাডেট কলেজ সাহিত্য প্রতিযোগিতায় প্রধান অতিথি হবেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী।